

# মুগ্ধত্ব

## যৌন নিপীড়নের অভিযোগে জাবিছাত্র আজীবন বহিষ্কার

জাবি প্রতিনিধি

০৮ মে ২০২৩, ২৩:১১:২৫ | অনলাইন সংক্ষরণ



যৌন নিপীড়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) এক ছাত্রকে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বহিষ্কৃত ছাত্রের নাম রাকিব আহমেদ। তিনি প্রত্নতত্ত্ব বিভাগের স্নাতকোত্তর পর্যায়ের (৪৬ ব্যাচ) ছাত্র।

সোমবার বিশ্ববিদ্যালয়ের একজন সিন্ডিকেট সদস্য নাম প্রকাশ না করার শর্তে গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন। গত ১৮ এপ্রিল অনুষ্ঠিত এক সিন্ডিকেট সভায় এ শাস্তির সিদ্ধান্ত নেওয়া হয় বলে তিনি জানান।

তিনি বলেন, অভিযুক্ত ছাত্রের বিরুদ্ধে ৪৮তম ব্যাচের এক নারী শিক্ষার্থীকে ধর্ষণ, প্রতারণা ও শারীরিক নির্যাতনের অভিযোগে বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়নবিরোধী সেল তদন্ত করে। সেলের তদন্তে অভিযুক্তের বিরুদ্ধে যৌন নিপীড়নের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাকে বিশ্ববিদ্যালয় থেকে আজীবন বহিষ্কার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

প্রসঙ্গত, এর আগে অভিযুক্ত রাকিব আহমেদের বিরুদ্ধে ওঠা অভিযোগের দ্রুত বিচার চেয়ে বিক্ষেপ ও মানববন্ধন করেন বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল শিক্ষার্থীরা।

সম্পাদক : সাহিফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023